বাবাকে মুক্তিযুদ্ধে শহীদ বলেছিলেন সেই এমপির বাবা এখনো জীবিত



এমপি মুনতাকিম। ছবি: সংগৃহীত

মুক্তিযুদ্ধে শহীদ পিতার সন্তান দাবি করে আলোচনায় এসেছেন জামায়াতে ইসলামীর সংসদ সদস্য আব্দুল মুনতাকিম। জাতীয় সংসদের বাজেট অধিবেশনে দেওয়া এক বক্তব্যে তিনি নিজেকে শহীদের সন্তান হিসেবে উল্লেখ করেন। তবে পরে বিষয়টি নিয়ে প্রশ্ন উঠলে জানা যায়, তার বাবা-মা দুজনই জীবিত রয়েছেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, তার বাবা আব্দুল কাদের সৈয়দী ও মা মোসলমান বেগম বর্তমানে নীলফামারীর সৈয়দপুর উপজেলার কামারপুকুর ইউনিয়নের ধলাগাছ গ্রামে বসবাস করছেন। পরিবারটির সদস্যরাও বিষয়টি নিশ্চিত করেছেন।

সমালোচনার মুখে সংসদ সদস্য আব্দুল মুনতাকিম বলেন, সংসদে বক্তব্য দেওয়ার সময় অনিচ্ছাকৃতভাবে ভুল শব্দ ব্যবহার হয়েছে। তিনি স্বীকার করেন, বক্তব্যে তথ্যগত ভুল ছিল এবং এ জন্য দুঃখ প্রকাশ করেন।

নির্বাচনী হলফনামার তথ্য অনুযায়ী, আব্দুল মুনতাকিমের জন্ম ১৯৮১ সালের ১০ জানুয়ারি। অর্থাৎ, তিনি স্বাধীনতা যুদ্ধের প্রায় এক দশক পরে জন্মগ্রহণ করেন। একই হলফনামায় তার বাবা-মায়ের নাম জীবিত অভিভাবক হিসেবে উল্লেখ রয়েছে।

ঘটনাটি সামনে আসার পর সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন মহলে আলোচনা শুরু হয়েছে। অনেকেই সংসদে দেওয়া বক্তব্য এবং পরবর্তীতে দেওয়া ব্যাখ্যা নিয়ে প্রশ্ন তুলেছেন।